দৈনিক সংবাদ

তারিখ 27 OCT 1991 পৃষ্ঠা ২ কলাম ৮

24

# চট্টগ্রাম বিআইটি'র পরিস্থিতি থমথমে কোন ক্লাস হচ্ছে না

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৬শে অক্টোবর।— চট্টগ্রাম বিআইটি'তে সন্ত্রাসী ঘটনার পর এখন থমথমে পরিস্থিতি বিরাজ করছে। বিআইটি শিক্ষকরা ঘটনার

বিআইটি : পৃঃ ১২ কঃ ৪

## বিআইটি : ক্লাস হচ্ছে না

(১ম পাতার পর)

তদন্ত না হওয়া পর্যন্ত আজ থেকে তাদের সকল কার্যক্রম স্থগিত করেছেন। কলেজ বন্ধ ঘোষণা করা না হলেও বর্তমানে কোনো ক্লাস হচ্ছে না। সাধারণ ছাত্রছাত্রীরা নিরাপত্তার আশংকা ও ভয়ে হল ছেড়ে চলে গেছে।

গত বুধবার গভীর রাতে বিআইটি ক্যাম্পাসে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (আ-অ) কর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ ও গুলি বিনিময়ের পর সার্বিক পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটে। পুলিশ ঐ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে ছাত্রলীগের ৭ জন নেতা-কর্মীকে গ্রেফতার করে। ঘটনাস্থল থেকে কিছু অস্ত্রশস্ত্রও উদ্ধার করা হয় বলে পুলিশ জানায়।